পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
৬৩, নেতাজী সুভাষ রোড, জেশপ বিল্ডিং(২য় তল),
কোলকাতা - ৭০০ ০০১

স্মারক সংখ্যা : ১২৬০/পি-এন/ও/তিন/২ই-০৬/ ১০, তারিখ : ৫/৩/২০১০

# বিজ্ঞপ্তি

বিষয় : পঞ্চায়েত কর্মচারীদের নিয়োগ ও বদলি সংক্রান্ত খসড়া নীতি।

গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতি কর্মচারীদের নিয়োগ ও বদলি সংক্রান্ত সুস্পষ্ট নির্দেশিকা প্রকাশের বিষয়ে এই দপ্তর বেশ কিছুদিন সচেষ্ট ছিল। বিভিন্ন দিক বিবেচনা করে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতি কর্মচারীদের নিয়োগ ও বদলি সংক্রান্ত বিষয়টি সুচারু রুপে রুপায়নের লক্ষ্যে খসড়া নীতি প্রকাশ করা হল।

এই নীতি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যক্তির/ব্যক্তিবর্গের কোনো আপত্তি বা প্রস্তাব থাকলে,৩১ শে মার্চ, ২০১০ এর মধ্যে এই দপ্তরে নিম্নস্বাক্ষরকারীর নিকট পেশ করতে হবে। নিয়োগ ও বদলি সংক্রান্ত চূড়ান্ত নির্দেশিকা ৩১ শে মার্চ, ২০১০ এর পর প্রকাশিত হবে।

যুগ্ম সচিব
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

স্মারক সংখ্যা :১২৬০/১ (৩৭৮)/পি-এন/ও/তিন/২ই-০৬/ ১০, তারিখ : ৫/৩/২০১০

অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল -
১। মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ সরকার ।
২। জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ (সমস্ত) ।
৩। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, মহকুমা পরিষদ (সমস্ত)।
৪। সমষ্টি উন্নয়ন আধিকারিক, (সমস্ত)।

যুগ্ম সচিব
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

# পঞ্চায়েত কর্মচারীদের নিয়োগ ও বদলি সংক্রান্ত নীতি

## খসড়া

১। প্রথম নিয়োগ করা হবে জেলার মধ্যে প্রাপ্ত যে কোন শূন্য পদে।

২। চার বছর পর পর বদলি করা হবে।

৩। যে ব্লকে কর্মচারীর বাড়ি যথা সম্ভব তার কাছাকাছি ব্লকে বদলি করা হবে।

৪। গ্রাম পঞ্চায়েত কর্মী হলে যে গ্রাম পঞ্চায়েতে বাড়ি যথা সম্ভব তার কাছাকাছি গ্রাম পঞ্চায়েতে বদলি করা হবে।

৫। চাকুরি জীবনে শেষ চার বছর কর্মচারীর পছন্দ মত/নিজস্ব ব্লকে (নিজস্ব গ্রাম পঞ্চায়েত বাদে) বদলি করা যাবে।

৬। পঞ্চায়েত কর্মীর ক্ষেত্রে চাকুরি জীবনের শেষ চার বছর কর্মীর পছন্দ মত/ বাড়ির নিকটতম গ্রাম পঞ্চায়েতে বদলি করা যাবে।

৭। যে সমস্ত কর্মচারীর ছেলে/মেয়ে নবম, দশম ও একাদশ বা দ্বাদশ শ্রেণীতে পড়ে, তাঁদের বিশেষ ছাড়ের প্রয়োজন বিবেচিত হতে পারে, তবে তাতে তিনি কখনোই এক জায়গায় ছয় বছরের বেশি থাকতে পারবেন না।

৮। স্বামী ও স্ত্রী দুজনে চাকুরীজীবী হলে যথা সম্ভব কাছাকাছি স্থানে বদলি বিবেচিত হতে পারে।

৯। তুলনামূলকভাবে যাঁদের বয়স বেশি তাঁরা তুলনামূলকভাবে কাছাকাছি স্থানে বদলি হওয়ার যোগ্য হবেন, কম বয়সীরা দুরে যাবেন।

১০। প্রশাসনিক বা অন্য জরুরী প্রয়োজনে জেলার যে কোন স্থানে বদলি করা যাবে।

১১। একসঙ্গে সর্বাধিক এক তৃতীয়াংশ কর্মচারী (কর্মী) কে বদলি করা যাবে। বয়স্কদের অগ্রাধিকার দেওয়া হবে।

যুগ্ম সচিব

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর